

📃 আল-জ্বিন | Al-Jinn | ٱلْجِنّ

আয়াতঃ ৭২ : ২১

আরবি মূল আয়াত:

قُل اِنِّي لَا اَملِكُ لَكُم ضَرًّا قَ لَا رَشَدًا ﴿٢٦﴾

বল, 'নিশ্চয় আমি তোমাদের জন্য না কোন অকল্যাণ করার ক্ষমতা রাখি এবং না কোন কল্যাণ করার'। — আল-বায়ান

বল- 'আমি তোমাদের কোন ক্ষতি বা কল্যাণ করার ক্ষমতা রাখি না। — তাইসিরুল

বলঃ আমি তোমাদের মঙ্গল-অমঙ্গলের মালিক নই। — মুজিবুর রহমান

Say, "Indeed, I do not possess for you [the power of] harm or right direction." — Sahih International

২১. বলুন, নিশ্চয় আমি তোমাদের কোন ক্ষতি বা কল্যাণের মালিক নই।

তাফসীরে জাকারিয়া

(২১) বল, 'আমি তোমাদের অপকার অথবা উপকার কিছুরই মালিক নই ৷' [1]

[1] অর্থাৎ, তোমাদেরকে হিদায়াত দানের অথবা ভ্রস্ট করার বা অন্য কোন প্রকারের লাভ-ক্ষতি, ইষ্ট-অনিষ্ট বা উপকার-অপকার করার কোনই এখতিয়ার আমার নেই। আমি কেবল আল্লাহর এমন একজন বান্দা, যাকে তিনি অহী ও নবুঅতের জন্য নির্বাচন করে নিয়েছেন।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5468

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন